



১৪ জুন, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

ব্লাস্ট এবং রয়্যাল ডেনিশ এম্বাসির মধ্যে চুক্তি স্বাক্ষর

আজ ১৪ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং রয়্যাল ডেনিশ এম্বাসি, ঢাকা এর মধ্যে দরিদ্র ও অসহায় মানুষদের ন্যায় বিচার প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ‘পাথওয়েস টু একসেস টু জাসটিস ফর দ্যা পুউর’ প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রয়্যাল ডেনিশ এম্বাসি, ঢাকা এর পক্ষে এ চুক্তি স্বাক্ষর করেন বাংলাদেশে অবস্থানরত ডেনমার্কের রাষ্ট্রদূত মাইকেল হেমনিটি উইল্ডার এবং ব্লাস্ট এর পক্ষে এ চুক্তি স্বাক্ষর করেন ব্লাস্টের আনরারি নির্বাহী পরিচালক সারা হোসেন।



‘পাথওয়েস টু একসেস টু জাসটিস ফর দ্যা পুউর’ প্রকল্পটি মূলত সমাজের প্রান্তিক এবং সুবিধা বঞ্চিত ব্যক্তি ও জনগোষ্ঠীর ন্যায়বিচার প্রাপ্তি, সমতা এবং বৈষম্য নিরসনে কাজ করবে।

ব্লাস্ট বাংলাদেশের বৃহত্তম বেসরকারী আইনী সেবা প্রদানকারী সংস্থা। দরিদ্র ও অসহায় মানুষদের ন্যায় বিচার প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে দেশের ২২টি জেলা পর্যায়ে গ্রাম আদালত থেকে সুপ্রীম কোর্ট পর্যন্ত আইনী সেবা প্রদান করে যাচ্ছে। এছাড়া ব্লাস্ট গবেষণা, এডভোকেসী ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে।

বার্তাপ্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd